জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়, ঢাকা।
www.jb.com.bd

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-২২৩৩৮৭১৬৮

নির্দেশ বিজ্ঞপ্তি নং- ১৩৮৪/২৬

তারিখঃ ১৮ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ
০৪ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়
ও এরিয়া অফিস/লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল শাখা,
স্টাফ কলেজ এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

**বিষয় : সঞ্চয়পত্র ও প্রাইজবন্ড বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ডিএমডি সার্কুলার লেটার নং-১৪/২০২৫ তারিখ: ০২ ডিসেম্বর ২০২৫ এর বিষয়বস্তু নিম্নে হুবুহু উদ্ধৃত করা হলোঃ

উদ্ধৃত

"উপর্যুক্ত বিষয়ে ডিএমডি সার্কুলার নং -০১ তারিখ: ২০ জুলাই ২০২২ এবং সার্কুলার নং- ডিএমডি/২০১৭-০৩ তারিখ: ২৮ নভেম্বর, ২০১৭-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের কতিপয় সেবা জনসাধারণকে সরাসরি প্রদানের পরিবর্তে তফসিলভুক্ত ব্যাংকসমূহের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রাইজবন্ড এবং সকল ধরনের সঞ্চয়পত্র সংক্রান্ত কার্যাদি নিম্নরূপ নির্দেশনা অনুযায়ী সম্পাদিত হবে:

ক) তফসিলভুক্ত ব্যাংকসমূহ (শরীয়াহভিত্তিক ব্যাংক ব্যতীত) জনসাধারণকে সঞ্চয়পত্র ক্রয় এবং এ সংক্রান্ত অন্যান্য সেবা প্রদানের লক্ষ্যে ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ডিএমডি সার্কুলার নং-০১/২০২২ এর ('ক' হতে 'ঝ' ক্রমিকে বর্ণিত) নির্দেশনাসমূহ অনুসরণ করবে; এবং

খ) প্রাইজবন্ড ক্রয়-বিক্রয়, পুরস্কারপ্রাপ্ত প্রাইজবন্ডের পুরস্কারের দাবিপত্র (লিংক: https://www.bb.org.bd/services/forms/pbond_claimform.pdf) এবং ছেঁড়া-ফাটা বন্ডের দাবিপত্রের Frequently Asked Questions (FAQ)- এ উল্লিখিত (লিংক: www.bb.org.bd/en/index.php/Investfacility/prizebond) প্রয়োজনীয় দলিলাদি গ্রহণপূর্বক তফসিলভুক্ত ব্যাংকসমূহ সংশ্লিষ্ট অঞ্চলের বাংলাদেশ ব্যাংক অফিসে (সার্কুলার নং- ডিএমডি/২০১৭-০৩ অনুসারে) প্রেরণ করবে।

০৩। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারি করা হলো।

০৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।" অনুদ্ধৃত

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ নির্দেশ বিজ্ঞপ্তি জারি করা হলো।

০৫। এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৫ পাতা)।

আপনাদের বিশ্বস্ত,

১৮/০১/২০২৬

(মোঃ মাকসুদ হোসেন)
উপমহাব্যবস্থাপক

(অনিতা দে)
মহাব্যবস্থাপক

৫০১১৯

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

০৫ শ্রাবণ, ১৪২৯

ডিএমডি সার্কুলার নং-০১ তারিখ: -------------------------------

২০ জুলাই, ২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**সঞ্চয়পত্র বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সঞ্চয়পত্র সংশ্লিষ্ট সেবা লাভের ক্ষেত্রে বিভিন্ন সময়ে গ্রাহকগণ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক হয়রানির শিকার হচ্ছেন। সে প্রেক্ষিতে সঞ্চয়পত্র বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য আপনাদের নির্দেশ প্রদান করা হলো:

ক. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত গ্রাহকের আবেদন ইস্যু অফিস কর্তৃক গ্রহণের পর উক্ত তারিখ হতে পরবর্তী এক কর্মদিবসের মধ্যেই ক্রেতার দাখিলকৃত চেক নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপন করতে হবে এবং চেক নিকাশ (Clearing) হওয়ার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইন্সট্রুমেন্ট ইস্যু করতে হবে। এছাড়া, গ্রাহক কর্তৃক ডেবিট অথরিটির মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয়ের জন্য আবেদন করা হলে গ্রাহকের হিসাব বিকলন/ডেবিট করার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইন্সট্রুমেন্ট ইস্যু করতে হবে;

খ. জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে বিক্রিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও মেয়াদপূর্তিতে আসল/মূল অর্থ প্রদেয় হওয়ার তারিখেই ইন্টিমেশন প্রদান নিশ্চিত করতে হবে;

গ. গ্রাহকের সঞ্চয়পত্র ক্রয় পরবর্তী যে কোন আবেদন (যেমন: নমিনি পরিবর্তন, হিসাব নম্বর পরিবর্তন, মোবাইল নাম্বার পরিবর্তন, ইএফটি সংক্রান্ত সমস্যা ইত্যাদি) গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন জেলা সঞ্চয় অফিস/ব্যুরো ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহ এর দায়িত্বপ্রাপ্ত লিংক ব্যাংক, অফিস/ব্যুরোর গ্রাহকগণের চেক যথাসময়ে নিকাশ (Clearing) করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করবে;

ঙ. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপিত চেক যথোপযুক্ত কারণ ব্যতীত ফেরৎ প্রদান করা যাবে না;

চ. গ্রাহকের অনুকূলে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) ইন্সট্রাকশন এর মাধ্যমে প্রেরিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও আসল/মূল ফেরত প্রদান করা যাবে না;

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

পূর্ব পৃষ্ঠা হতে



ছ. বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় সংক্রান্ত ইস্যুতে বাংলাদেশ ব্যাংকের ২৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে জারীকৃত পিএসডি সার্কুলার নং- ১/২০১৩ এর ৪ নং নির্দেশনা এবং এতদ্‌বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;

জ. সঞ্চয়পত্র বিক্রয়কালে ইস্যুকারী ব্যাংক বা শাখা কর্তৃক উক্ত ব্যাংকে বা শাখায় গ্রাহককে হিসাব খোলার জন্য বাধ্য করা যাবে না এবং

ঝ. নিরাপত্তার স্বার্থে এক জনের বা ব্যাংকের এক শাখার ইউজার আইডি অন্য ব্যক্তি বা অন্য শাখা কর্তৃক ব্যবহার করা যাবে না।

০২। ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)
পরিচালক (ডিএমডি)
ফোনঃ ৯৫৩০১৩১

Website:www.bb.org.bd

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

সার্কুলার নং-ডিএমডি/২০১৭-০৩

তারিখ-২৮/১১/২০১৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
তফসিলী ব্যাংকসমূহ

প্রিয় মহোদয়,

**প্রাইজবন্ডের পুরস্কারের অর্থ পরিশোধ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, প্রাইজবন্ডের পুরস্কার বিজয়ীগণ কর্তৃক দাবীকৃত পুরস্কারের অর্থ স্বল্প সময়ে এবং সহজে তাদের ব্যাংক হিসাবে প্রদানের লক্ষ্যে প্রাইজবন্ডের পুরস্কার পরিশোধ পদ্ধতি বাংলাদেশ ব্যাংকের সকল অফিসের মধ্যে বিকেন্দ্রীকরণ করা হয়েছে। অর্থাৎ বাংলাদেশ ব্যাংকের সকল অফিসের মাধ্যমেই প্রাইজবন্ডের পুরস্কারের অর্থ পরিশোধ করা হবে। এতদপ্রেক্ষিতে প্রাইজবন্ডের পুরস্কার বিজয়ীগণের নিকট হতে প্রাপ্ত পুরস্কারের দাবীপত্র সংশ্লিষ্ট অঞ্চলের বাংলাদেশ ব্যাংকে প্রেরণের লক্ষ্যে সকল তফসিলী ব্যাংককে তাদের শাখাগুলোকে নির্দেশনা প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(পরিমল চন্দ্র চক্রবর্ত্তী)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০১৩১

(৩৮২১৬)
জাঃ বঃ-২৩

পরিচালক
বাংলাদেশ ব্যাংক
__________।

প্রিয় মহোদয়,

## পুরষ্কার প্রাপ্ত বন্ড - পুরস্কারের দাবী

আমি নিম্নস্বাক্ষরকারী --------------- টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের ---------------তম ড্রয়ে টাঃ ---------------- (টাকা------------------------------------------------------) মাত্র পুরষ্কার প্রাপ্তির স্বত্ববান হইয়াছি ।

অতএব পুরস্কারের টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক _______________ এর মাধ্যমে অনুগ্রহ পূর্বক আমাকে প্রদান করার জন্য অনুরোধ করিতেছি ।

আপনার বিশ্বস্ত,

১। পুরো নামঃ- দাবীকারীর স্বাক্ষর
২। পিতা/স্বামীর নামঃ- তারিখঃ-
৩। ঠিকানাঃ স্থানঃ-
অস্থায়ীঃ

স্থায়ীঃ গ্রামঃ ডাকঘরঃ নাঃ জেলাঃ

৪। পেশাঃ বয়সঃ
৫। জাতীয়তাঃ
৬। ব্যাংক হিসাব নম্বরঃ ব্যাংকের নামঃ শাখাঃ
৭। পুরষ্কার প্রাপ্ত বন্ডের বিবরণঃ-
বন্ডের ক্রম- নম্বর- মূল্য-

নম্বর প্রাঃ বঃ শাঃ /৯ তারিখঃ

জনাব---------------------- এর নিকট হইতে ---------- টাকা মূল্যমান প্রাইজবন্ডের ----------- তম ড্রয়ে টাঃ---------------- পুরস্কারের দাবী সমেত বাংলাদেশ প্রাইজ বন্ডের ----- ক্রমের --------------------নম্বর বন্ডখানা গৃহীত হইল । এতদপ্রসংগে তাহাকে ----------------------------- তারিখে অত্র অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাইতেছে ।

অফিসার/সহকারী ব্যবস্থাপক

দ্রষ্টব্যঃ- অত্র রশিদ কেবল মাত্র একখানি প্রাপ্তিস্বীকার পত্র ও ইহা আবেদনকারীর পুরষ্কারের দাবীর স্বীকৃতি হিসাবে বিবেচ্য নয় । অত্র রশিদ খানি সযত্নে সংরক্ষন করিতে হইবে এবং বন্ড ও পুরষ্কার গ্রহনকালে ইহার অপর পৃষ্ঠায় স্বাক্ষর দান পূর্বক পেশ করিতে হইবে ।

| দাবীকারীর পাসপোর্ট সাইজের দুইকপি সত্যায়িত ছবি | দাবীকারী কর্তৃক সত্যায়িত নমিনীর এককপি ছবি |
|---|---|

## ১০০/- টাকা মূল্যমান বাংলাদেশ প্রাইজবন্ডের পুরস্কার বিজয়ীর বিবরণ।

১। দাবীকারীর নাম (ক) বাংলায় (স্পষ্টাক্ষরে) : --------------------------------------------------

(খ) ইংরেজীতে (BLOCK LETTER ) : --------------------------------------------------

২। পিতার/স্বামীর নাম : --------------------------------------------------

৩। বয়স/জ তারিখ : --------------------------------------------------

৪। পেশা : --------------------------------------------------

৫। জাতীয় পরিচয় পত্রের নম্বর (যদি াকে) (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করুন) : --------------------------------------------------

৬। বর্তমান ঠিকানা (চাকুরীজীবী হলে নিজ প্রতিষ্ঠানের ঠিকানা) : --------------------------------------------------

--------------------------------------------------

ফোন/মোবাইল নম্বর (যদি াকে)ঃ

৭। স্থায়ী ঠিকানা : গ্রামঃ ----------------------ডাকঘরঃ--------------------

না/উপজেলাঃ ---------------------জেলাঃ -------------

৮। পুরস্কার বিজয়ী বন্ডের বিবরণ : সিরিজ ---------------------- নম্বর--------------------

ড্র নম্বর -------------------- তারিখ ------------------

৯। পুরস্কার বিজয়ী বন্ডটির ইস্যু অফিস এবং তারিখ (বন্ডের সম্মুখভাগে রাবার স্ট্যাম্পে প্রদত্ত ইস্যু অফিস এবং তারিখ) : ইস্যু অফিসঃ --------------------তারিখঃ------------------

১০। ব্যাংক হিসাবের তথ্য (সংযুক্তঃ চেকের পাতার ফটোকপি) : ব্যাংকের নাম--------------- হিসাব নং‌ঃ ---------------

১১। নমিনী : নামঃ --------------------------------------------------

সম্পর্কঃ --------------- নমিনীর স্বাক্ষর -----------------

১২। সনাক্তকারী : স্বাক্ষর ঃ ------------------------------------------

(সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীজীবির ক্ষেত্রে নিজ প্রতিষ্ঠানের ১ম শ্রেনীর/তদূর্ধ্ব কর্মকর্তা এবং অন্যান্য পেশার ক্ষেত্র ১ম শ্রেণীর সরকার গেজেটেড অফিসার/উপজেলা চেয়ারম্যান/বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক/সহকারী ব্যবস্থাপক বা তদূর্ধ্ব কর্মকর্তা)

নামঃ ------------------------------------------

তারিখঃ --------------------

দাবীকারীর স্বাক্ষর

সহকারী ব্যবস্থাপক (প্রাইজবন্ড)
বাংলাদেশ ব্যাংক
----------------।